



## বাংলাদেশ কালচারাল স্কুল রকডেল এর বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত

গত ৬ই নভেম্বর রবিবার বাংলাদেশ কালচারাল স্কুল রকডেল এর বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে। সকাল ১১ টা তে শুরু হয়ে দুপুর ২ টা পর্যন্ত চলে এই প্রতিযোগিতা।

বাংলাদেশ সোসাইটি অব সিডনী ইনক এর উদ্যোগে পরিচালিত বাংলাদেশ কালচারাল স্কুল রকডেল প্রতি বছরের মত এবারেও অত্যন্ত উৎসাহ-উদ্দীপনার মধ্য দিয়ে পালন করেছে এই বিশেষ দিনটি। সকাল ১০:৩০ মিনিটে বাংলাদেশ এবং অস্ট্রেলিয়া এই দুই দেশের জাতীয় পতাকা এবং বাংলাদেশ সোসাইটি অব সিডনী ইনক এর সাংগঠনিক পতাকা এই তিনটি পতাকা উত্তোলনের মধ্য দিয়ে শুরু হয় দিনের যাত্রা। সোসাইটির সভাপতি জনাব শামসুজজোহা স্বপন এবং সাধারণ সম্পাদক জনাবা রাশিদা হুদা মনি অনেক দিন ধরেই এই প্রতিযোগিতার প্রস্তুতি চালিয়ে আসছিলেন।

প্রতিযোগিতায় অংশগ্রহণকারীরা হচ্ছেঃ ছোট মেয়েদের দৌড় এ প্রথম দ্বিতীয় ও তৃতীয় হয়েছে যথাক্রমে সাবা, শারিনা, স্নেহা। ছোট ছেলেদের দৌড় প্রথম দ্বিতীয় ও তৃতীয় হয়েছে যথাক্রমে রাফসান, শান, রায়াত। বড় ছেলেদের দৌড় প্রথম দ্বিতীয় ও তৃতীয় হয়েছে যথাক্রমে ইশায়াত, আবিদ, মুনাদ। ছোট ছেলে-মেয়েদের দৌড় প্রথম দ্বিতীয় ও তৃতীয় হয়েছে যথাক্রমে জাফির, নোহা, নুহাদ। বড় ছেলে-মেয়েদের দৌড় প্রথম দ্বিতীয় ও তৃতীয় হয়েছে যথাক্রমে নাবিল, খাদিজা ও শাহিবা। ছোট মেয়েদের চামুচ দৌড়: প্রথম দ্বিতীয় ও তৃতীয় হয়েছে যথাক্রমে সামিরা, সাবা, স্নেহা। চকলেট দৌড়: প্রথম দ্বিতীয় ও তৃতীয় হয়েছে যথাক্রমে নওআর, নুসাইবা, মুনতাহা। মহিলা বালিশ নিক্ষেপ: প্রথম দ্বিতীয় ও তৃতীয় হয়েছে যথাক্রমে জেসমিন, বৈশাখি, মারজাহাল আখতার। পুরুষ বল নিক্ষেপ: প্রথম দ্বিতীয় ও তৃতীয় হয়েছে যথাক্রমে ইসফাকুল কবির রতন, মোহাম্মদ আনোয়ারুল আজিজ ও শহীদুজ্জামান আলো।

বিভিন্ন ভাবে খেলাতে অংশগ্রহণ এবং সহযোগিতা করেছেন জনাব মীর আলি, আব্দুর রশিদ, জনাব হেলাল, শফিক সেলিম, জনাব কালাম, জনাব এজাজ, সহ- সভাপতি আঞ্জুনানারা

কালাম, সহ-সাধারণ সম্পাদক আব্দুল আহাদ, কোষাধ্যক্ষ মোহাম্মদ ফারুক, সহকারী কোষাধ্যক্ষ সুলতানা এজাজ সাংস্কৃতিক সম্পাদক মাকসুমুল আহসান, কার্যকরী সদস্য জামাল আহমদ, জনাবা আঞ্জুমানারা জামান ও আফরোজা হায়াত, আরিফ, অহি, মুহাইমিন, নিয়াজ ও নাবা। খেলোয়াড় দের মাঠে ওয়ার্ম আপ করেন ছোটদেরকে স্কুলের শিক্ষিকা উরমি ঘোষ ও বড়দেরকে প্রাক্তন ছাত্র আসিফ উজ্জামান। মাঠ সজ্জার সার্বিক দায়িত্বে ছিলেন শহিদুজ্জামান আলো ও মোহাম্মদ আনোয়ারুল আজিজ। সার্বিক লজিস্টিক সাপোর্ট এ ছিলেন জনাব হায়াত মাহমুদ। সম্পূর্ণ খেলাটি পরিচালনা তে ছিলেন সহ- সভাপতি জনাব আবু হাসানাত লিটন। উৎসবের এই দিনে আরও উপস্থিত ছিলেন প্রাক্তন সভাপতিবৃন্দ জনাব নাজমুল হুদা, জনাব মনজুরুল হক ও শহিদুজ্জামান আলো। স্কুলের ছেলে-মেয়েদের কেয়ার টেকার এর দায়িত্বে ছিলেন গাজী চাচা।

দুপুর ২ টায় দুপুরের খাবারের আয়োজন ছিল আরেকটি বিশেষ আকর্ষণ, এবং এর মাধ্যমেই দিনের সমাপ্তি হয়। সোসাইটির সভাপতি জনাব শামসুজ্জোহা স্বপন এবং সাধারণ সম্পাদক জনাবা রাশিদা হুদা মনি এই আয়োজনে যারা যেইভাবে সহযোগিতা করেছেন তাঁদের সবাইকে কৃতজ্ঞতা জানিয়ে দিনের সমাপ্তি ঘোষণা করেন।